# পানগাঁও আইসিটিকে প্রোফিটেবল করতে হবে-সালমান এফ রহমান

ঢাকা, ১৬ মার্চ ২০২৪;

পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালকে (আইসিটি) প্রোফিটেবল করতে হবে। এখানে হিউজ পরিমাণে ইনভেস্টমেন্ট করা হয়েছে। এটি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রজেক্ট। এটিকে সাকসেসফুল করতে হবে এবং সকলে মিলে সেটি করতে পারব।

প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমান এমপি আজ ঢাকা জেলার কেরানীগঞ্জস্থ পানগাঁও কন্টেইনার টার্মিনাল পরিদর্শন এবং সংশ্লিষ্টদের সাথে বৈঠক শেষে সাংবাদিকদের এসব কথা বলেন।

এসময় অন্যান্যের মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রী সাবের হোসেন চৌধুরী এমপি, জাতীয় সংসদের চীফ হুইপ নূর-ই-আলম চৌধুরী, নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহ্‌মুদ চৌধুরী এমপি, নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ মোস্তফা কামাল এবং চট্টগ্রাম বন্দরের চেয়ারম্যান রিয়ার এডমিরাল এম সোহায়েল উপস্থিত ছিলেন।

মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য  অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪